


# মুগ্ধাত্ম্য

## নাসায় ডাক পেল শাবির টিম অলিক

প্রকাশ : ১৯ জুন ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



শাবি প্রতিনিধি

মার্কিন যুক্তরাষ্ট্রভিত্তিক মহাকাশ গবেষণা সংস্থা (নাসা) আয়োজিত ‘নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ-২০১৮’-এ ‘বেষ্ট ডেটা ইউটিলাইজেশন’ ক্যাটাগরিতে বিশ্বচ্যাম্পিয়ন হয়ে নাসায় আমন্ত্রণ পেয়েছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ‘টিম অলিক’। নাসায় আমন্ত্রণ পাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন ‘টিম অলিকের’ মেন্টর ও বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যাঙ্ক ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সহকারী অধ্যাপক বিশ্বপ্রিয় চক্রবর্তী।

তিনি জানান, ২৯ মে ও ১২ জুন নাসা কর্তৃপক্ষ দুটি পৃথক মেইলের মাধ্যমে আয়োজিত অনুষ্ঠানে শাবির টিম অলিককে আমন্ত্রণ জানায়।

অধ্যাপক বিশ্বপ্রিয় বলেন, আগামী ২০ জুলাইয়ের মধ্যে শাবির টিম অলিককে নাসায় উপস্থিত থাকতে বলা হয়েছে। যেখানে ২১, ২২ ও ২৩ জুলাই নাসার বিভিন্ন কর্মসূচিতে অংশ নেবেন টিম অলিকের সদস্যরা। তবে কখন ও কিভাবে যেতে হবে তা এখনও জানানো হয়নি বলে জানান তিনি।

এ বিষয়ে টিম অলিকের দলপতি আবু সাবিক মাহদি জানান, ২১ জুলাই রাকেট ফ্যালকন-৯-এর সিআরএস-১৮ মিশনের মহাকাশে উৎক্ষেপণ সরাসরি দেখতে পারবেন তারা। এছাড়া ২২ ও ২৩ জুলাই অন্যান্য অনুষ্ঠানে অংশ নেয়ার কথা জানানো হয়েছে। টিম অলিকের সদস্যরা হলেন বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এসএম রাফি আদনান, ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী কাজী মাইনুল ইসলাম ও আবু সাবিক মেহেদী ও একই বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সাবির হাসান।

উল্লেখ্য, নাসার দেয়া তথ্য থেকে ভার্যাল রিয়েলিটি এপ্লিকেশন ‘লুনার ভিআর’ তৈরি করে বেষ্ট ডেটা ইউটিলাইজেশন ক্যাটাগরিতে বিশ্বে প্রথম স্থান অধিকার করে শাবি’র ‘টিম অলিক’। যেখানে টিম অলিক এ ডেটাগুলো দিয়ে ‘লুনার ভিআর’ নামে ভার্যাল রিয়েলিটি অ্যাপ্লিকেশন তৈরি করেছে। গত বছরের শেষের দিকে নাসা আয়োজিত এ স্পেস অ্যাপস চ্যালেঞ্জ-২০১৮ এ ‘টিম অলিক’ অংশ নেয়। যেখানে বিশ্বের ৭৯টি দেশ থেকে বাছাই করা ২৭২৯টি টিমকে পেছনে ফেলে শীর্ষ চারে স্থান করে নেয় ‘টিম অলিক’।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড প্রাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার  
বেআইনি।